## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৬শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৬ই চৈত্র বুধবার ১৩৬৬ ইংরাজী 30th Mar. 1960 { ৪৪শ সংখ্যা






মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত
জিনিষ যদি চান তা হ'লে

## আরতির

## "রাণী রাসমণি"

### শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

### আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৬ই চৈত্র বুধবার সন ১৩৬৬ সাল।

# খোশ খবর কা ঝুটা আচ্ছা

—•—

## ভারত পাকিস্তান বিশ্বাস স্থাপন

### পাক-প্রেসিডেন্ট আয়ুব খানের বেতার বক্তৃতা

করাচী, ২৩শে মার্চ্চ পাকিস্তানের প্রেসিডেন্ট ফিল্ড মার্শাল আয়ুব খান অদ্য এখানে বলেন যে, অতীতে ভারত ও পাকিস্তানের মধ্যে বহু সমস্যা— যাহার মীমাংসা দুরূহ বলিয়া মনে হইয়াছিল - তাহা মীমাংসিত হইলেও এখনও পর্য্যন্ত ভারত ও পাকিস্তানের মধ্যে প্রকৃত বিশ্বাস স্থাপিত হয় নাই। তিনি বলেন, কাশ্মীর সমস্যার সন্তোষজনক মীমাংসা হইলে এই বিশ্বাস ফিরিয়া আসিবে।

পাকিস্তান দিবস উপলক্ষে অদ্য রাত্রে জাতির উদ্দেশে এক বেতার বক্তৃতায় পাক-প্রেসিডেন্ট বলেন কাশ্মীর প্রশ্নে ভারতের সহিত একটি সন্তোষজনক মীমাংসা করিবার জন্য পাকিস্তান সতত চেষ্টা করিতেছে এবং এই কার্য্যে আমি আপনাদের সমর্থন পাইব আশা করি। তিনি বলেন, পশ্চিম পাকিস্তানে আমাদের জল সরবরাহ অত্যন্ত কম হইয়া পড়িয়াছে বলিয়া কাশ্মীর সমস্যা আরও গুরুত্বপূর্ণ হইয়া উঠিয়াছে। তিনি স্বীকার করেন, সৌভাগ্যক্রমে ভারতের সহিত আমাদের সম্পর্কের উন্নতি হইতেছে।

## ভারত-পাক সমস্যাগুলি
# মীমাংসা করিতেই হইবে

—•—

পেশোয়ার, ২৬শে মার্চ্চ ভারতীয় অর্থমন্ত্রী শ্রীমোরারজী দেশাই আজ এখানে সাংবাদিকদের নিকট বলেন যে, ভারত ও পাকিস্তানের মধ্যে কাশ্মীরসহ যে সকল অমীমাংসিত বিরোধ রহিয়াছে, সেগুলির সমাধান করিতেই হইবে।

খাইবার গিরিপথ ও পাক-আফগান সীমান্ত এলাকা পরিদর্শনের পর শ্রীদেশাই এখানে আসিয়া আরও বলেন "ভারত ও পাকিস্তানের সম্পর্কের ক্ষেত্রে যে অন্ধকার যুগ রহিয়াছে, তাহার অবসান ঘটাতেই হইবে ; বন্ধুর মতো পাশাপাশি থাকিয়া দুই দেশকে এক নূতন পরিচ্ছেদের উন্মোচন করিতে হইবে।" তিনি আশা করেন যে, দুই দেশের বর্তমান সুসম্পর্ক যদি অব্যাহত থাকে, তবে ভিসার কড়াকড়ি আপনা-আপনিই হ্রাস পাইবে। তিনি আরও বলেন যে, পাক অর্থমন্ত্রী শ্রমোহম্মদ শোয়াইবের সঙ্গে তাঁহার যে চুক্তি হইবে তাহার প্রকৃতি হইবে সাধারণ। আগামী কাল শোয়াইব-মোরারজী আলোচনা শেষ হইবার পর একটি যুক্ত বিবৃতি প্রচার করা হইবে বলিয়া আশা করা যায়।

### ২৮শে মার্চ্চ কাগজে দেখা গেল

# পাক-ভারত অর্থ নৈতিক আলোচনা ব্যর্থ

## ৪ দিনব্যাপী বৈঠক শেষ হইবার পর শ্রীদেশাইয়ের বিবৃতি

### শীঘ্রই আবার পাকিস্তানী মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎকারের আশা

—•—

রাওয়ালপিণ্ডি, ২৭শে মার্চ্চ ভারত-পাকিস্তান অর্থনৈতিক আলোচনা ব্যর্থ হইয়াছে। ৪ দিনব্যাপী আলাপ আলোচনা শেষ হইবার পর ভারতবর্ষের অর্থমন্ত্রী শ্রীমোরারজী দেশাই আজ সাংবাদিকগণের নিকট বলেন, "আমরা যে একমত হইতে পারি নাই—ইহা নৈরাশ্যের বিষয়।" পাকিস্তানের অর্থমন্ত্রী শ্রীসোয়াইব বলেন, "আমি শ্রীদেশাইয়ের বিবৃতি সম্পূর্ণ সমর্থন করি।" ইহার পর শ্রীদেশাই ভারতীয় সরকারী কর্ম্মচারীদিগকে লইয়া ভারতবর্ষের পথে লাহোর যাত্রা করেন।

---

# সুরাবর্দ্দী ও ফিরোজ খাঁ নূনের বিচার

### ৬ বৎসরের জন্য মিঃ নূনের রাজনীতি হইতে অবসর লাভ

রাওয়ালপিণ্ডি, ২২শে মার্চ্চ পাকিস্তানের দুইজন প্রাক্তন প্রধান মন্ত্রী পাকিস্তানের দুর্নীতিগ্রস্ত রাজনীতিকদের বিচারের জন্য গঠিত ট্রাইব্যুন্যালের সম্মুখীন হইয়াছেন। ইহাদের একজন মিঃ এইচ এস সুরাবর্দ্দী ; অপর জন মিঃ ফিরোজ খাঁ নূন।

### সুরাবর্দ্দীর বিচার

উক্ত ট্রাইব্যুন্যাল কর্ত্তৃক মিঃ সুরাবর্দ্দীর বিরুদ্ধে সাত দফায় দুর্নীতি, স্বজন পোষণ, কুশাসন ও দুর্ব্ব্যবহারের অভিযোগ আনা হইয়াছে। অভিযোগের উত্তরে মিঃ সুরাবর্দ্দী বলেন, আমার ব্যাঙ্কে কোন টাকা নাই, জায়গা জমি বাড়ীঘর বলিতে কিছু নাই। বর্ত্তমানে আমাকে রোজগার করিয়া সংসার চালাইতে হইতেছে। সম্প্রতি আমি ঢাকায় এক তৃতীয়াংশ একর পরিমাণ একটি জমি কিনিয়াছি ; কিন্তু তাহার টাকা দিতে পারি নাই। টাকা কিস্তিতে দিতে হইবে। তিনি আরও বলেন, মন্ত্রী হওয়ার সময় খোদাতাল্লাহের কাছে যে শপথ গ্রহণ করি, সেই অনুসারেই আমি কাজ করিয়া গিয়াছি। আমি যাহা করিয়াছি উহা "সত্য বিশ্বাসেই করিয়াছি"। তাহার পিছনে কোন ব্যক্তিগত স্বার্থ সিদ্ধির মতলব ছিল না। আমার বিরুদ্ধে যে সব অভিযোগ আনা হইয়াছে তাহা খুবই "লজ্জাজনক ও সম্মানহানিকর"। আগামী ৫ই এপ্রিল পুনরায় এই মামলার শুনানী হইবে।

### ফিরোজ খাঁ নূনের মামলা

উক্ত ট্রাইব্যুন্যাল পাকিস্তানের অন্যতম প্রাক্তন মন্ত্রী মিঃ ফিরোজ খাঁ নূনের বিরুদ্ধেও অনুরূপ ধরণের কতকগুলি অভিযোগ আনা হয়। তাহার পর তাঁহাকে বলা হয়, হয় তিনি ৬ বৎসরের জন্য রাজনীতি হইতে অবসর গ্রহণ করুন, নয়ত বিচারার্থে ট্রাইব্যুন্যালের সম্মুখীন হউন।

---

## জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

মোঃ নং ১০৭।৫৯ অন্য

বাদী—জামুনজোল গ্রামবাসিগণ পক্ষে
ভোলানাথ মণ্ডল দিং

বিবাদী—শিখরবাসিনী রায় দিং

Synopsis of plaint under order 1 rule 8 of the C. P. C.

যেহেতু বিবাদী পক্ষ থানা সমসেরগঞ্জের অধীন মৌজে লালপুর মধ্যে ১৮৭০, ১৮৭১, ১৮৭২, ১৮৭৩, ১৮৭৪ এবং তৎপার্শ্ববর্তী দাগ সমূহে অবস্থিত হাটের গবাদি পশু ও যানবাহন আদি লালপুর মৌজার জামুনজোল গ্রামের মধ্যবর্ত্তী উত্তর দক্ষিণ লম্বা মানুষ যাতায়াতের অপ্রশস্ত রাস্তা দিয়া যাতায়াত করাইবার চেষ্টা করিতেছেন। ঐ কারণ যাহাতে বিবাদী পক্ষ বা অন্য কেহ উক্ত Path way দিয়া যানবাহন আদি ও হাটের গবাদি পশু লইয়া যাইতে না পারে তজ্জন্য বাদী পক্ষ চিরস্থায়ী নিষেধাজ্ঞার প্রার্থনায় দেঃ কাঃ বিঃ আইনের অর্ডার ১ রুল ৮ মতে এই মোকর্দ্দমা দায়ের করিয়াছেন। এই মোকর্দ্দমায় যে কোন স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি বাদী বা বিবাদী শ্রেণীভুক্ত হইতে পারেন।

By order

Sd/ K. Bagchi, Sheristadar in-charge.
2nd. Munsif's Court, Jangipur.

21. 3. 60

## প্রাথমিক শেষ পরীক্ষার ফলাফল

এই বৎসর (১৯৫৯-৬০) মুর্শিদাবাদ জেলায় মোট ১১,৪৩৩ জন বালক-বালিকা বিগত ১০ই ও ১১ই ফেব্রুয়ারী তারিখে জেলার ৮৭টি বিভিন্ন কেন্দ্রে প্রাথমিক শেষ পরীক্ষা দিয়াছিল। পরীক্ষার ফলাফল সংক্ষিপ্ত আকারে নিম্নে প্রদত্ত হইল :—

উত্তীর্ণ প্রথম বিভাগ—৩,৩২৪ ; দ্বিতীয় বিভাগ—২,৬৮৯ ; পাশ—৩,১৬১ ; মোট—৯,১৭৪

পাশের হার শতকরা ৮০·২ হইয়াছে। স্থানীয় অবর পরিদর্শক মহাশয়দের অফিস হইতে সার্টিফিকেট বিলি করা হইতেছে।

বিশেষ দ্রষ্টব্য :—মোট নম্বর—৩০০, প্রথম বিভাগ—১৮০ এবং তদূর্দ্ধ ; দ্বিতীয় বিভাগ—১৫০ ও তদূর্দ্ধ ; পাশ—১০৮ এবং তদূর্দ্ধ।

## পশ্চিম বঙ্গে ১৮টি পল্লী বেতার চক্র

পশ্চিম বঙ্গে এ পর্যন্ত ১৮টি পল্লী বেতার চক্র খোলা হইয়াছে। ইহার মধ্যে ৫টি হাওড়া জেলায় ও ১৩টি ২৪ পরগণা জেলায়। ক্রমে অন্যান্য জেলায়ও এই চক্র খোলা হইবে। —প্রেঃ ইঃ ব্যুঃ

## ভারতে বিদেশী মিশনারী

গত বৎসর ১লা জানুয়ারী তারিখে ভারতে ৪,৮০২ জন বিদেশী মিশনারী ছিলেন। ১৯৫৯ সনে ভারতে অগমনের জন্য ২৮২ জন বিদেশী মিশনারীকে ভিসা মঞ্জুর করা হয়। তবে তাঁহাদের মধ্যে মোট কত জন ভারতে আসিয়াছেন তাহা জানান সম্ভব নয়। ১৯৫৯ সনের প্রথমার্দ্ধে বিদেশী খৃষ্টান মিশনসমূহ ভারতে ৫ কোটি ৬ লক্ষ ৩০ হাজার টাকা সাহায্য পাইয়াছেন বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। —প্রেঃ ইঃ ব্যুঃ

## ট্যাক্সির ধাক্কায় আহত

২৯শে মার্চ্চ মঙ্গলবার অতি প্রত্যুষে রঘুনাথগঞ্জ চাউলপটীর মোড়ে অপেক্ষমান রিক্সাতে মোরগ্রাম-গামী ১১৮ নং ট্যাক্সির চালক ধাক্কা মারে। রিক্সা চালক দুখু সেখ পায়ে আঘাত পেয়েছে এবং রিক্সাখানিরও ক্ষতি হয়েছে।

## চিনি বণ্টনে গড়িমসি

জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জের ব্যবসায়ীগণের গুদামে পর্য্যাপ্ত পরিমাণে চিনি থাকা স্বত্বেও রেশন ডিলারগণকে চিনির পারমিট দেওয়া হইতেছে না কেন? চিনির অভাবে সহর ও পল্লীগ্রামের জন-সাধারণের বিশেষ অসুবিধা হইতেছে।

২৯শে মার্চ্চ মঙ্গলবার মুসলিম সম্প্রদায়ের ঈদ পর্ব্ব, রেশন ডিলারগণ ২৮শে মার্চ্চ জানিতে পারিলেন যে তাঁহাদিগকে চিনির পারমিট দেওয়া হইয়াছে। ১৪।১৫ মাইল দূরের ডিলারগণ বাড়ী হইতে টাকা আনিয়া ঐ দিন চিনি লইতে পারিয়াছেন কিনা তাহা নিয়ামক মহোদয়ই বলিতে পারেন। এইরূপ ব্যবস্থাকে 'গোস্বামী মতে পরাহে' বলা যাইতে পারে।

## রঘুনাথগঞ্জ — জঙ্গিপুর রোড মোটর সার্ভিস

দিন কয়েক হইতে "জয়-মা-গঙ্গা" নামীয় মোটর বাস রঘুনাথগঞ্জ হইতে জঙ্গিপুর রোড রেল ষ্টেশন যাতায়াত করিতেছে। মোটরখানি সব ট্রেণে যায় না বলিয়া অনুযোগ পাওয়া গিয়াছে। যাহাতে সমস্ত ট্রেণে মোটর যাতায়াত করে তজ্জন্য সরকারী কর্তৃপক্ষ ও মোটর মালিকের সচেষ্ট হওয়া একান্ত আবশ্যক। সর্ব্বাগ্রে যাত্রিগণের সুবিধার প্রতি লক্ষ্য রাখিতে হইবে।

## বিদ্যুৎ সরবরাহ বন্ধে অসুবিধা

বিগত ২২শে মার্চ্চ মঙ্গলবার বেলডাঙ্গা অঞ্চলে প্রবল ঝড় বৃষ্টির জন্য সারগাছির নিকট ৪টী বড় পোল পড়িয়া যাওয়ায় বিদ্যুৎ সরবরাহ বন্ধ হইয়া যায়। মঙ্গলবার বৈকাল হইতে শুক্রবার পর্য্যন্ত বহরমপুর, লালবাগ, জিয়াগঞ্জ, আজিমগঞ্জ, জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জ সহর অন্ধকারাচ্ছন্ন ছিল। অনেক কল কারখানাও অচল হইয়া গিয়াছিল।

## দুর্ধর্ষ ডাকাত গ্রেপ্তার

ভরতপুর থানার ভারপ্রাপ্ত অফিসার শ্রীসন্তোষ-কুমার দেবের নেতৃত্বে ২২ জন কনেষ্টবল মুসলমান সাজিয়া মসজিদে নামাজ পড়িতে গিয়া নামাজের পরেই এক দুর্ধর্ষ ডাকাত শের সেখকে গ্রেপ্তার করিতে সমর্থ হয়।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ১১ই এপ্রিল ১৯৬০

১৯৫৯ সালের ডিক্রীজারী

৭৭ মনি ডিঃ গণেশরাম ভকত দেং অরেশতুল্লা মোল্লা দাবি ৯৬৲ থানা রঘুনাথগঞ্জ মৌজে নূতনগঞ্জ ৩-৮৩ শতকের কাত ১১।০ তন্মধ্যে দেন্দারের ১০১ শতক জমির হারাহারী মতে জমা ৩৲ আঃ ৪০৲ খং ৩০৪ রায়ত স্থিতিবান স্বত্ব কোর্ট কর্ত্তৃক নির্দ্ধারিত মুল্য ১২৫৲



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

আমলা কেশ তৈল

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা-১২



দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্টইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৪৭১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের

যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং

বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি

ও

ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,

কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের

যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৸৹ টাকা ও মাশুলাদি ১৵৹ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট:—ডাঃ ডি, ডি, হাজরা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

শ্রীআরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এনলার্জ করা, সিনেমা শ্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।